# ৪৭তম BCS প্রিলি

## Progressive Batch

## বাংলাদেশ বিষয়াবলি

লেকচার: ০৬

**টপিক:**

**বাংলাদেশের সংবিধান:** সংবিধানের গুরুত্বপূর্ণ অনুচ্ছেদ, তফসিল, সংশোধনীসমূহ (চতুর্থ ভাগ থেকে এগারো ভাগ পর্যন্ত) ।



# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ ৪৮-৬৪)

## সরকার


### আইন বিভাগ
নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা আইন প্রণয়ন ও সংশোধন করা।

### শাসন/ নির্বাহী বিভাগ
দেশের আইন কার্যকর করে এবং সরকারের বিভিন্ন নীতি প্রণয়ন ও বাস্তবায়ন করে।

### বিচার বিভাগ
অপরাধীকে আইন প্রয়োগের মাধ্যমে যথাযথ শাস্তি প্রদান, সংবিধানের ব্যাখ্যা দেওয়া ইত্যাদি কাজ করে।

#### রাজনৈতিক অংশ
- রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান, অ্যাটর্নি জেনারেল, মন্ত্রিসভার সদস্যগণ, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর উপদেষ্টাগণ
- রাষ্ট্রের শাসন নীতি নির্ধারণ করেন (Policy Maker)

#### অরাজনৈতিক অংশ
- আমলা / সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ
- রাষ্ট্রের শাসননীতি ও আইন বলবৎকরণ করেন (Policy Executor)



১। President

২। PM

৩। Minister

৪। State min


৫। Deputy min

৬। Govt employee

- Speaker
- Deputy Sp.
- MP


- Chief Justice
- Judges

Supreme




# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ ৪৮-৬৪)


| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৪৮:** | রাষ্ট্রপতি<br>(৩) ৫৬(৩) অনুসারে প্রধানমন্ত্রী এবং ৯৫(১) অনুসারে প্রধান বিচারপতির নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁর অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ করবেন।<br>(৪) রাষ্ট্রপতি নির্বাচিত হবার যোগ্যতা। |
| **অনুচ্ছেদ-৪৯:** | ক্ষমা প্রদর্শনের অধিকার |
| **অনুচ্ছেদ-৫০:** | রাষ্ট্রপতি পদের মেয়াদ |
| **অনুচ্ছেদ-৫১:** | রাষ্ট্রপতির দায়মুক্তি |
| **অনুচ্ছেদ-৫২:** | রাষ্ট্রপতির অভিশংসন |
| **অনুচ্ছেদ-৫৩:** | অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ |
| **অনুচ্ছেদ-৫৪:** | অনুপস্থিতি প্রভৃতির-কালে রাষ্ট্রপতি-পদে স্পিকার |
| **অনুচ্ছেদ-৫৫:** | প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার গঠন |
| **অনুচ্ছেদ-৫৬:** | মন্ত্রিগণ |


MP
2007
2008
President
MP
PM
PM
MP
PM
CJ
PM
CJ
MP
MP
CF
PM
MP
CJ

# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ ৪৮-৬৪)

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৫৭:** | প্রধানমন্ত্রীর পদের মেয়াদ |
| **অনুচ্ছেদ-৫৮:** | অন্যান্য মন্ত্রীদের পদের মেয়াদ |
| **অনুচ্ছেদ-৫৯:** | স্থানীয় শাসন |
| **অনুচ্ছেদ-৬০:** | স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা |
| **অনুচ্ছেদ-৬১:** | সর্বাধিনায়কতা – বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির ওপর ন্যস্ত হবে। |
| **অনুচ্ছেদ-৬২:** | প্রতিরক্ষা কর্মবিভাগে ভর্তি প্রভৃতি- প্রতিরক্ষা কর্মবিভাগের প্রধান মাননীয় প্রধানমন্ত্রী। |
| **অনুচ্ছেদ-৬৩:** | যুদ্ধ – সংসদের অনুমতি ব্যতীত যুদ্ধ ঘোষণা করা যাবে না। |
| **অনুচ্ছেদ-৬৪:** | অ্যাটর্নি জেনারেল |


President
PM + ครม.
PM + CJ
PM :



নামমাত্র
প্রধান মন্ত্রী
President
PM

Pm | pm

๒๔

## ❑ রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলি

| | |
|---|---|
| ✓ ৪৯ অনুচ্ছেদ অনুসারে যেকোনো দণ্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করা। | ✓ ৮০ অনুচ্ছেদ অনুসারে সংসদের গৃহীত বিলে সম্মতি দান। |
| ✓ ৫৬ (৩) অনুচ্ছেদ অনুসারে প্রধানমন্ত্রী নিয়োগ। | ✓ ৯৩ (১) অনুচ্ছেদ অনুসারে অধ্যাদেশ প্রণয়ন ও জারি। |
| ✓ ৬১ অনুচ্ছেদ অনুসারে তিনি প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়ক। | ✓ ১৪১ক (১) অনুচ্ছেদ অনুসারে জরুরি অবস্থা ঘোষণা। |
| ✓ ৭২ (১) অনুচ্ছেদ অনুসারে সংসদ আহ্বান স্থগিত ও সংখ্যা গরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে ভঙ্গ করা। | |
| ✓ অ্যাটর্নি জেনারেল, সুপ্রিম কোর্টের বিচারক, নির্বাচন কমিশনার, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী কর্ম কমিশন এর চেয়ারম্যান ও সদস্য নিয়োগ। | |
| ✓ প্রধান বিচারপতি, প্রধানমন্ত্রী, অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী, স্পিকার ও ডেপুটি স্পিকারকে তৃতীয় তফসিল অনুসারে শপথ গ্রহণ করানো। | |
| ✓ অনুচ্ছেদ: ১৩৩ ও ১৩৪ এর আলোকে প্রজাতন্ত্রের কর্মচারীদের পদের নিয়োগের শর্তাবলী ও মেয়াদ- রাষ্ট্রপতি নির্ধারণ করতে পারবেন। | |


PM
MP
CM
Judge
CJ

## ❑ রাষ্ট্রপতি পদাধিকারবলে (Ex-officio) প্রধান

| | |
|---|---|
| • বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক | • বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির প্রধান |
| • বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির প্রধান | • সরকারি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর। |
| • বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন | • বাংলাদেশ স্কাউটের প্রধান |

## ❑ প্রধানমন্ত্রী পদাধিকারবলে (Ex-officio) প্রধান

| | |
|---|---|
| • জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) ও জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC) | |
| • বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) ও বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষ (BEPZA) | |
| • প্রশাসনিক পুনর্গঠন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (NICAR) | |
| • বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) | • রপ্তানি সংক্রান্ত জাতীয় কমিটি |
| • জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটি | • জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ |
| • ন্যাশনাল ট্যুরিজম কাউন্সিল/ জাতীয় পর্যটন পরিষদ | |

## ❑ প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কার্যাবলি

- ✓ ৫৫(১) অনুচ্ছেদ অনুসারে মন্ত্রিসভা গঠন।
- ✓ ৫৫(২) অনুচ্ছেদ অনুসারে প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রয়োগ।
- ✓ ৫৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী প্রধানমন্ত্রী অন্যান্য মন্ত্রীদের পদের অবসান ঘটাতে পারেন।
- ✓ ৭২(১) অনুচ্ছেদ অনুসারে সংসদ আহ্বান, স্থগিত ও ভঙ্গ করার ক্ষেত্রে দায়িত্ব পালনে রাষ্ট্রপতিকে পরামর্শ প্রদান।
- ✓ মন্ত্রিসভার অধিবেশন আহ্বান, কর্মসূচি নির্ধারণ ও অধিবেশন-সভা পরিচালনা করবেন।
- ✓ ১৪১ক (১) অনুচ্ছেদ অনুসারে, রাষ্ট্রপতি কর্তৃক জরুরি অবস্থা ঘোষণার বৈধতার জন্য ঘোষণার আগেই প্রধানমন্ত্রী তাতে প্রতি-স্বাক্ষর করেন।
- ✓ ৪৮(৫) অনুচ্ছেদ অনুসারে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় ও পররাষ্ট্রনীতি সংক্রান্ত বিষয়ে রাষ্ট্রপতিকে অবহিত রাখবেন এবং রাষ্ট্রপতি অনুরোধ করলে যেকোনো বিষয় মন্ত্রিসভায় বিবেচনার জন্য পেশ করবেন।
- ✓ মন্ত্রীদের মধ্যে দপ্তর বণ্টন, মন্ত্রী ও বিভিন্ন দপ্তরের কার্যাবলি পরিচালনা প্রভৃতি সকল দায়িত্ব প্রধানমন্ত্রীর হাতে ন্যস্ত।

# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ ৪৮-৬৪)

❑ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন দপ্তরসমূহ

- ✓ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)
- ✓ বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা)
- ✓ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)
- ✓ পাবলিক প্রাইভেট পার্টনারশীপ কর্তৃপক্ষ
- ✓ গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট
- ✓ জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)
- ✓ এনজিও বিষয়ক ব্যুরো
- ✓ স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ)
- ✓ উপ-আঞ্চলিক সহযোগিতা সেল (এসআরসিসি)
- ✓ বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (পিইপিজেড)
- ✓ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)
- ✓ Aspire to Innovate (a2i)

## ❑ মন্ত্রিসভা ও মন্ত্রিপরিষদ

- মন্ত্রিপরিষদের মধ্য থেকে গুরুত্বপূর্ণ মন্ত্রীবর্গের সমন্বয়ে ক্যাবিনেট গঠিত হয়।
- বাংলাদেশের সংবিধানেও মন্ত্রিপরিষদ ও ক্যাবিনেটের মধ্যে পার্থক্য করা হয়েছে।
- বাংলাদেশে মন্ত্রণালয়ের সংখ্যা মোট ৪৪টি যার মধ্যে ৪০টির নামের শেষে মন্ত্রণালয়, ২টির নামে কার্যালয় ও ২টির নামে বিভাগ প্রত্যয় সংযুক্ত।


# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ ৪৮-৬৪)


❑ **স্থানীয় শাসন:** সংবিধানের ৫৯, ৬০ নং অনুচ্ছেদে আলোচনা করা হয়েছে।

| | স্থানীয় শাসন | স্থানীয় স্বায়ত্তশাসন |
|---|---|---|
| **পরিচিতি:** | দেশকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভাগ করে প্রত্যেক অংশে সরকারের নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাদের দ্বারা শাসন করাকে স্থানীয় শাসন বলে। | কেন্দ্রীয় সরকার ও সাংবিধানিক বিধিবিধানে সৃষ্ট স্থানীয় পর্যায়ে নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা পরিচালিত। |
| **বিস্তৃতি:** | বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসন। | ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন প্রভৃতি। |
| **কর্মকর্তা নিয়োগ:** | কর্মকর্তাগণ নিয়োগ লাভ করেন পাবলিক সার্ভিস কমিশন ও অন্যান্য কেন্দ্রীয় সংস্থা কর্তৃক। | কর্মকর্তাগণ নিয়োগ লাভ করেন স্থানীয় পর্যায়ে। |
| **পরিচালক:** | নিয়ন্ত্রিত ও পরিচালিত হয় সরকারের নির্দেশে। | পরিচালিত হয় জনগণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা। |
| **সিদ্ধান্ত:** | নিজেরা সিদ্ধান্ত নিতে পারে না, কেন্দ্রের নির্দেশনা মেনে চলে। | নিজেরা সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। |
| **উদ্দেশ্য:** | ✓ সরকারের নীতি ও কর্মসূচি বাস্তবায়ন করে।<br>✓ রাজস্ব আদায় ও নিজস্ব বাজেট তৈরী করতে পারে না। | ✓ জনগণের কল্যাণ সাধন করে।<br>✓ রাজস্ব আদায় ও নিজস্ব বাজেট তৈরী করতে পারে। |

# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ ৪৮-৬৪)

## ❑ স্থানীয় প্রশাসন




Admin

## ❑ সচিবালয়

সচিবালয় হচ্ছে বাংলাদেশের প্রশাসনের কেন্দ্রবিন্দু। সচিবালয় গঠিত হয় কয়েকটি মন্ত্রণালয়ের সমন্বয়ে। সচিবালয় সরকারের কর্মসূচি, নীতি ও পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়ন করে থাকে। সচিবালয় এর সংখ্যা হচ্ছে ৫টি-

(১) বাংলাদেশ সচিবালয় (প্রধান সচিবালয়)

(২) নির্বাচন কমিশন সচিবালয়


(৩) মন্ত্রিপরিষদ সচিবালয়

(৪) সরকারী কর্ম কমিশন সচিবালয়

(৫) জাতীয় সংসদ সচিবালয়


# পঞ্চম ভাগ: আইনসভা (অনুচ্ছেদ ৬৫-৯৩)


| | |
|---|---|
| অনুচ্ছেদ-৬৫ | সংসদ প্রতিষ্ঠা |
| অনুচ্ছেদ-৬৬ | সংসদে নির্বাচিত হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা |
| অনুচ্ছেদ-৬৭ | সংসদের আসন শূন্য হওয়া |
| অনুচ্ছেদ-৭০ | রাজনৈতিক দল হইতে পদত্যাগ ও আসন শূন্য হওয়া |
| অনুচ্ছেদ-৭২ | সংসদের অধিবেশন |
| অনুচ্ছেদ-৭৪ | স্পিকার ও ডেপুটি স্পিকার |
| অনুচ্ছেদ-৭৫ | কার্যপ্রণালি বিধি, কোরাম প্রভৃতি |
| অনুচ্ছেদ-৭৬ | সংসদের স্থায়ী কমিটি সমূহ |
| অনুচ্ছেদ-৭৭ | ন্যায়পাল |
| অনুচ্ছেদ-৭৯ | সংসদ-সচিবালয় |
| অনুচ্ছেদ-৮০ | আইন প্রণয়ন পদ্ধতি |
| অনুচ্ছেদ-৮১ | অর্থবিল |
| অনুচ্ছেদ-৮৩ | সংসদের আইন ব্যতীত করারোপে বাধা |
| অনুচ্ছেদ-৮৭ | বার্ষিক আর্থিক বিবৃতি |
| অনুচ্ছেদ-৯৩ | অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা |



AFS




BC
RD
RP


KPP
AL

- **Crossing the Floor (দল ত্যাগ):**

  দলের মনোনয়ন নিয়ে নির্বাচিত হওয়ার পর কোনো সংসদ সদস্য দল ত্যাগ করলে তাকে দলত্যাগ বা crossing the floor বলে। সংবিধানের ৭০ অনুচ্ছেদের কারণে বাংলাদেশ জাতীয় সংসদের সদস্যরা ফ্লোর ক্রস করতে পারেন না, করলে পদ শূন্য হয়।


- **Casting Vote (নির্ণায়ক ভোট):**

  পার্লামেন্টে স্পিকারের ভোটকে কাস্টিং ভোট বলে। কোনো বিষয়ের উপর পার্লামেন্টে ভোট অনুষ্ঠিত হওয়ার পর যদি দেখা যায় উভয় পক্ষে সমান ভোট পড়েছে তখন স্পিকার কাস্টিং ভোট (নির্ণায়ক ভোট) প্রদান করেন। সংবিধানের ৭৫(১)(ক) অনুচ্ছেদে কাস্টিং ভোট প্রদানের কথা বলা আছে।

- **Ombudsman (ন্যায়পাল):**

  পার্লামেন্ট কর্তৃক নিযুক্ত কমিশনার বা কর্মকর্তাকে ন্যায়পাল বলে। সর্বপ্রথম ন্যায়পাল পদ প্রবর্তিত হয়- সুইডেনে (১৮০৯)।

- **সরকারি বিল – মন্ত্রী কর্তৃক উত্থাপিত বিল।**
- **বেসরকারি বিল – মন্ত্রী ছাড়া বা এমপি কর্তৃক উত্থাপিত বিল।**
- **আইন প্রণয়ন – সংবিধানের বিধানাবলি সাপেক্ষে বাংলাদেশের আইন প্রণয়নকারী ক্ষমতা জাতীয় সংসদের উপর ন্যস্ত।**



Casting vote

50

Speaker

# POLL QUESTION-01

➲ রাষ্ট্রপতির পদ শূন্য হলে উক্ত পদে কে দায়িত্ব পালন করবেন?

(a) প্রধান বিচারপতি

(b) প্রধানমন্ত্রী

(c) চীফ হুইপ

(d) স্পিকার


# ষষ্ঠ ভাগ: বিচার বিভাগ (অনুচ্ছেদ ৯৪-১১৭)

| | |
|---|---|
| অনুচ্ছেদ-৯৪ | সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠা |
| অনুচ্ছেদ-৯৫ | বিচারক নিয়োগ |
| অনুচ্ছেদ-৯৬ | বিচারকের পদের মেয়াদ |
| অনুচ্ছেদ-১০০ | সুপ্রিম কোর্টের আসন |
| অনুচ্ছেদ-১০১ | হাইকোর্ট বিভাগের এখতিয়ার |
| অনুচ্ছেদ-১০২ | কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা |
| অনুচ্ছেদ-১০৭ | সুপ্রিম কোর্টের বিধি-প্রণয়ন ক্ষমতা |
| অনুচ্ছেদ-১০৮ | 'কোর্ট অব রেকর্ড' রূপে সুপ্রিম কোর্ট |
| অনুচ্ছেদ-১১৪ | অধস্তন আদালতসমূহ প্রতিষ্ঠা |
| অনুচ্ছেদ-১১৭ | প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ |

# বিচার বিভাগ

## বাংলাদেশের বিচার বিভাগ

- উচ্চতর বিচার বিভাগ (সুপ্রিম কোর্ট)
  - আপিল বিভাগ
  - হাইকোর্ট বিভাগ
- অধস্তন বিচার বিভাগ (নিম্ন আদালতসমূহ)
  - দেওয়ানি আদালত
    - জেলা জজ আদালত
    - অতিরিক্ত জেলা জজ আদালত
    - যুগ্ম জেলা জজ আদালত
    - সিনিয়র সহকারী জেলা জজ আদালত
    - সহকারী জজ আদালত
  - ফৌজদারি আদালত
    - দায়রা আদালত
      - দায়রা জজ আদালত
      - অতিরিক্ত দায়রা জজ আদালত
      - যুগ্ম দায়রা জজ আদালত
    - ম্যাজিস্ট্রেট আদালত
      - চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
        - অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
        - অতিরিক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
        - জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
      - যুগ্ম দায়রা জজ (সিএমএম) আদালত
        - অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত
        - মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত



# সপ্তম ভাগ: নির্বাচন (অনুচ্ছেদ ১১৮-১২৬)

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-১১৮** | নির্বাচন কমিশন প্রতিষ্ঠা |
| **অনুচ্ছেদ-১২২** | ভোটার হওয়ার যোগ্যতা |

## ❑ গুরুত্বপূর্ণ তথ্য

- ✓ ৫ম জাতীয় সংসদে উপ-রাষ্ট্রপতি পদ বাতিল করা হয় এবং পুনরায় মন্ত্রিপরিষদ শাসিত সরকার ব্যবস্থা প্রবর্তন করা হয়।
- ✓ ৫ম জাতীয় সংসদ নির্বাচনে সর্বশেষ গণভোট অনুষ্ঠিত হয়।
- ✓ ৭ম জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব চালু করা হয়।
- ✓ ৯ম জাতীয় সংসদে (২০১১ সালে) তত্ত্বাবধায়ক সরকার বাতিল ও মহিলা সংরক্ষিত আসন ৪৫ থেকে বাড়িয়ে ৫০ করা হয়।
- ✓ বাংলাদেশের প্রথম গণভোট অনুষ্ঠিত হয় ৩০ মে, ১৯৭৭।
- ✓ বাংলাদেশের প্রথম পৌরসভা নির্বাচন ৩১ ডিসেম্বর, ১৯৭৩।
- ✓ ঢাকা সিটি কর্পোরেশনকে ২ ভাগে বিভক্ত করা হয় ২৯ নভেম্বর, ২০১১।

| | |
|---|---|
| অনুচ্ছেদ-১২৭ | মহা হিসাব-নিরীক্ষক পদের প্রতিষ্ঠা |
| অনুচ্ছেদ-১২৮ | মহা হিসাব-নিরীক্ষকের দায়িত্ব |
| অনুচ্ছেদ-১৩০ | অস্থায়ী মহা হিসাব-নিরীক্ষক |

# নবম ভাগ: বাংলাদেশের কর্মবিভাগ (অনুচ্ছেদ ১৩৩-১৪১)

| | |
|---|---|
| অনুচ্ছেদ-১৩৭ | কর্ম কমিশন প্রতিষ্ঠা |
| অনুচ্ছেদ-১৩৯ | পদের মেয়াদ |
| অনুচ্ছেদ-১৪১ | বার্ষিক রিপোর্ট |

| নবম ক ভাগ: জরুরি বিধানাবলি | |
|---|---|
| অনুচ্ছেদ-১৪১(ক) | জরুরি অবস্থা ঘোষণা |
| অনুচ্ছেদ-১৪১(খ) | জরুরি অবস্থার সময় সংবিধানের কতিপয় অনুচ্ছেদের স্থগিতকরণ- জরুরি অবস্থা ঘোষণার কার্যকরতাকালে এই সংবিধানের ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪২ অনুচ্ছেদসমূহের কোনো কিছুই সেইরূপ আইন-প্রণয়ন ও নির্বাহী ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত রাষ্ট্রের ক্ষমতাকে সীমাবদ্ধ করবে না। অর্থাৎ জরুরি অবস্থাকালে এই ৬টি মৌলিক অধিকার স্থগিত থাকবে। |

PSC

Policy

Department

Senior Scale

# দশম ভাগ: সংবিধান সংশোধন (অনুচ্ছেদ ১৪২)

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-১৪২:** | সংবিধান সংশোধনের ক্ষমতা |

# একাদশ ভাগ: বিবিধ (অনুচ্ছেদ ১৪৩-১৫৩)

| | |
|---|---|
| অনুচ্ছেদ-১৪৫: | চুক্তি ও দলিল |
| অনুচ্ছেদ-১৪৫ (ক): | আন্তর্জাতিক চুক্তি |
| অনুচ্ছেদ-১৪৬: | বাংলাদেশের নামে মামলা |
| অনুচ্ছেদ-১৪৯: | প্রচলিত আইনের হেফাজত |
| অনুচ্ছেদ-১৫০: | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি |
| অনুচ্ছেদ-১৫৩: | ১৫৩ (৩) ইংরেজি ও বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে। |

# এক নজরে তফসিল

| | | |
|---|---|---|
| **প্রথম তফসিল** | অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন | অনু- ৪৭ |
| **দ্বিতীয় তফসিল** | রাষ্ট্রপতি নির্বাচন (বিলুপ্ত) | চতুর্থ সংশোধনীর মাধ্যমে বিলুপ্ত |
| **তৃতীয় তফসিল** | শপথ ও ঘোষণা | অনু- ১৪৮ |
| **চতুর্থ তফসিল** | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি | অনু – ১৫০ |
| **পঞ্চম তফসিল** | ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণ | অনু- ১৫০(২) |
| **ষষ্ঠ তফসিল** | স্বাধীনতার ঘোষণা | অনু- ১৫০(২) |
| **সপ্তম তফসিল** | ১৯৭১ সালের ১০ এপ্রিল মুজিবনগর সরকার জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র | অনু- ১৫০(২) |

# সাংবিধানিক পদ

| | |
|---|---|
| ১. রাষ্ট্রপতি | ৬. সংসদ সদস্যবৃন্দ |
| ২. প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী (প্রতিমন্ত্রী, উপমন্ত্রী) | ৭. প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার |
| ৩. স্পিকার | ৮. মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক |
| ৪. ডেপুটি স্পিকার | ৯. সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও অন্যান্য সদস্য |
| ৫. প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতি | |

## ❑ সংবিধিবদ্ধ পদ

যেসব পদ সংবিধানের বিধান মোতাবেক সৃষ্টি হয় কিন্তু পদে নির্বাচিত ব্যক্তি শপথগ্রহণ করেন না সেগুলোই সংবিধিবদ্ধ পদ। সংবিধিবদ্ধ পদ ২টি-

| | |
|---|---|
| অ্যাটর্নি জেনারেল | ন্যায়পাল |

# সংবিধানে পদের শপথ

**শপথ পাঠ**

- **রাষ্ট্রপতি**
  - প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী
  - স্পিকার ও ডেপুটি স্পিকার
  - প্রধান বিচারপতি
- **স্পিকার**
  - রাষ্ট্রপতি
  - সংসদ সদস্য
- **প্রধান বিচারপতি**
  - সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারক
  - প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার
  - সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্য
  - মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক

# POLL QUESTION-02

➲ বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ দেন কে?

(a) প্রধানমন্ত্রী

(b) রাষ্ট্রপতি


(c) মন্ত্রিপরিষদ


(d) স্পিকার

# বাংলাদেশের সংবিধান সংশোধনীসমূহ

## ❑ একনজরে সংশোধনীসমূহ

- **১ম** — যুদ্ধাপরাধীদের বিচারের বিধান প্রবর্তন।
- **২য়** — জরুরি অবস্থা ঘোষণার নিয়মাবলি সংযোজন।
- **৩য়** — ভারত-বাংলাদেশের সীমান্ত চুক্তির বৈধতা প্রদান।
- **৪র্থ** — রাষ্ট্রপতি শাসিত সরকারব্যবস্থা এবং একদলীয় শাসন ব্যবস্থা প্রবর্তন।
- **৫ম** — ১৯৭৫ সালের সামরিক সরকারের সকল কর্মকাণ্ডের বৈধতা প্রদান এবং মূলনীতি পরিবর্তন।
- **৬ষ্ঠ** — বিচারপতি আব্দুস সাত্তারের রাষ্ট্রপতি নির্বাচন।
- **৭ম** — জেনারেল এরশাদ সরকারের সকল কর্মকাণ্ডের বৈধতা।
- **৮ম** — রাষ্ট্রধর্ম ইসলাম এবং ঢাকার বাইরে হাইকোর্টের ৬টি বেঞ্চ স্থাপন।
- **৯ম** — উপ-রাষ্ট্রপতি নির্বাচন এবং রাষ্ট্রপতি পদের মেয়াদকাল সুনির্দিষ্টকরণ (সর্বোচ্চ ২বার)।
- **১০ম** — সংসদে মহিলাদের সংরক্ষিত আসন ৩০টি ১০ বছরের জন্য।
- **১১শ** — সাহাবুদ্দিন আহমদ কর্তৃক সম্পাদিত সকল কার্যক্রম বৈধকরণ এবং পুনরায় তাঁর প্রধান বিচারপতি পদে ফিরে যাওয়া।
- **১২শ** — সংসদীয় সরকারব্যবস্থা পুনঃপ্রবর্তন এবং উপ-রাষ্ট্রপতির পদ বিলুপ্ত।
- **১৩শ** — অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের জন্য তত্ত্বাবধায়ক সরকার গঠন।
- **১৪শ** — সংরক্ষিত মহিলা আসন ৩০ থেকে ৪৫-এ উন্নীতকরণ, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর প্রতিকৃতি প্রদর্শন ও সংরক্ষণ।
- **১৫ম** — তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত, সংবিধানের মূলনীতি পুনঃপ্রবর্তন এবং মহিলাদের সংরক্ষিত আসন ৪৫ থেকে ৫০ এ উন্নীতকরণ।
- **১৬শ** — সুপ্রিম কোর্টের বিচারপতি অপসারণের ক্ষমতা সংসদের হাতে ফিরিয়ে আনার বিধান পুনঃপ্রবর্তন।
- **১৭শ** — মহিলাদের সংরক্ষিত আসন ৫০টি ২৫ বছরের জন্য বৃদ্ধিকরণ।




PM
SVC

# বাংলাদেশের সংবিধান সংশোধনীসমূহ

## ❑ প্রথম সংশোধনী

**শিরোনাম:** সংবিধান (প্রথম সংশোধনী) আইন, ১৯৭৩।

**উত্থাপনকারী:** আইনমন্ত্রী শ্রী মনোরঞ্জন ধর।

**বিষয়বস্তু:** ১৯৭১ সালের যুদ্ধাপরাধীসহ অন্যান্য মানবতাবিরোধী অপরাধীদের বিচার নিশ্চিতকরণ।

## ❑ তৃতীয় সংশোধনী

**বিষয়বস্তু:** বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তি অনুমোদন এবং চুক্তি অনুযায়ী ছিটমহল ও অপদখলীয় জমি বিনিময় বিধান প্রণয়ন।

## ❑ চতুর্থ সংশোধনী

**শিরোনাম:** সংবিধান (চতুর্থ সংশোধনী) আইন, ১৯৭৫।

**উত্থাপনকারী:** আইনমন্ত্রী শ্রী মনোরঞ্জন ধর।

**সংসদে উত্থাপনের তারিখ:** ২৫ জানুয়ারি, ১৯৭৫।

**সংসদে পাসের তারিখ:** ২৫ জানুয়ারি, ১৯৭৫।

**বিষয়বস্তু:** সংসদীয় শাসন পদ্ধতির পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত শাসন পদ্ধতি চালু এবং একদলীয় রাজনীতি প্রবর্তন (বাকশাল প্রবর্তন)।

## ❑ পঞ্চম সংশোধনী

**শিরোনাম:** সংবিধান (পঞ্চম সংশোধনী) আইন, ১৯৭৯।

**উত্থাপনকারী:** সংসদ নেতা শাহ আজিজুর রহমান।

**সংসদে উত্থাপনের তারিখ:** ৪ এপ্রিল, ১৯৭৯।

**সংসদে পাসের তারিখ:** ৬ এপ্রিল, ১৯৭৯।

**বিষয়বস্তু:** ১৯৭৫ সালের ১৫ আগস্টের সামরিক অভ্যুত্থানের পর থেকে ১৯৭৯ সালের ৫ এপ্রিল পর্যন্ত সামরিক সরকারের যাবতীয় কর্মকাণ্ডের বৈধতা দান (একে 'ইনডেমনিটি বিল' বলা হয়)। এখানে উল্লেখ্য যে, ১৯৭৮ সালের ২য় ঘোষণাবলে বাঙালি জাতীয়তাবাদের পরিবর্তে বাংলাদেশি জাতীয়তাবাদ প্রবর্তিত হয়। ১৯৭৮ সালে ২য় ঘোষণাপত্রে আদেশ নম্বর ৪ এর ২য় তফসিলবলে বাংলাদেশের সংবিধানের শুরুতে "বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম" সন্নিবেশিত হয়। সংবিধানের প্রস্তাবনায় 'মুক্তি সংগ্রাম' শব্দগুচ্ছের পরিবর্তে 'স্বাধীনতা যুদ্ধ' শব্দগুচ্ছ সন্নিবেশিত হয়। ২৭ জুলাই, ২০১০ সালে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ৫ম সংশোধনী সংক্রান্ত তাদের রায় প্রকাশ করার ফলে ৫ম সংশোধনী অবৈধ ও বাতিল ঘোষিত হয়।

## ❑ অষ্টম সংশোধনী

**শিরোনাম:** সংবিধান (অষ্টম সংশোধনী) আইন, ১৯৮৮।

**উত্থাপনকারী:** ব্যারিস্টার মওদুদ আহমেদ।

**সংসদে উত্থাপনের তারিখ:** ১১ মে, ১৯৮৮।

**সংসদে পাসের তারিখ:** ৭ জুন, ১৯৮৮।

**বিষয়বস্তু:** প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতি দান। Dacca এর নাম Dhaka এবং Bengali এর নাম Bangla- তে পরিবর্তন। ঢাকার বাইরে ৬টি জেলায় হাইকোর্টের স্থায়ী বেঞ্চ স্থাপন।

## ❑ নবম সংশোধনী: ১০ জুলাই, ১৯৮৯

**বিষয়বস্তু:** একই সময়ে রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠান করা, রাষ্ট্রপতি পদে কোনো ব্যক্তি পর পর দুই মেয়াদে সীমাবদ্ধকরণ।

# বাংলাদেশের সংবিধান সংশোধনীসমূহ

## ❑ দ্বাদশ সংশোধনী

**শিরোনাম:** সংবিধান (দ্বাদশ সংশোধনী) আইন, ১৯৯১।

**উত্থাপনকারী:** তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া।

**সংসদে উত্থাপনের তারিখ:** ২ জুলাই, ১৯৯১।

**সংসদে পাসের তারিখ:** ৬ আগস্ট, ১৯৯১।

**বিষয়বস্তু:** সংসদীয় পদ্ধতির সরকার পুনঃপ্রবর্তন ও উপ রাষ্ট্রপতির পদ বিলুপ্তিকরণ।

## ❑ ত্রয়োদশ সংশোধনী

**শিরোনাম:** সংবিধান (ত্রয়োদশ সংশোধনী) আইন, ১৯৯৬।

**উত্থাপনকারী:** শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার।

**সংসদে উত্থাপনের তারিখ:** ২৫ মার্চ, ১৯৯৬।

**সংসদে পাসের তারিখ:** ২৭ মার্চ, ১৯৯৬।

**বিষয়বস্তু:** অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের জন্য তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা গঠন।

## ❑ পঞ্চদশ সংশোধনী

**শিরোনাম:** সংবিধান (পঞ্চদশ সংশোধনী) আইন, ২০১১।

**উত্থাপনকারী:** আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমদ।

**সংসদে উত্থাপনের তারিখ:** ২৫ জুন, ২০১১

**সংসদে পাসের তারিখ:** ৩০ জুন, ২০১১।

**বিষয়বস্তু:** তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল। দলীয় সরকারের অধীনে মেয়াদ শেষ হবার আগের ৯০ দিনের মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠান। নির্বাচনের আগের ৯০ দিন সংসদ অধিবেশন বসার বাধ্যবাধকতা না রাখা। প্রধান নির্বাচন কমিশনারসহ অনধিক চারজন নির্বাচন কমিশনার নিয়ে নির্বাচন কমিশন গঠন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির পিতা স্বীকৃতি এবং তার প্রতিকৃতি সরকারি অফিসসহ নির্ধারিত প্রতিষ্ঠানে সংরক্ষণ ও প্রদর্শন। সংরক্ষিত নারী আসন ৪৫ থেকে ৫০-এ উন্নীতকরণ। সংবিধানের প্রস্তাবনা সংশোধন ও ১৯৭২ সালের মূলনীতি পুনর্বহাল। পঞ্চম, ষষ্ঠ এবং সপ্তম তিনটি তফসিল সংযোজন। পঞ্চম তফসিল-১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণের পূর্ণ বিবরণ। ষষ্ঠ তফসিল-১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ স্বাধীনতার ঘোষণা। ৭ম তফসিল- ১৯৭১ সালের ১০ এপ্রিল মুজিবনগর সরকারের জারীকৃত স্বাধীনতার ঘোষণাপত্রের পূর্ণ বিবরণ। রাষ্ট্রপতি কর্তৃক ঘোষিত জরুরি অবস্থার মেয়াদকাল সর্বোচ্চ ১২০ দিন।

# বাংলাদেশের সংবিধান সংশোধনীসমূহ

## ❑ ষোড়শ সংশোধনী: ১৭ সেপ্টেম্বর, ২০১৪

**বিষয়বস্তু:** বিচারপতিদের অভিশংসন বা অপসারণের ক্ষমতা জাতীয় সংসদে অর্পণ। সুপ্রিম কোর্ট কর্তৃক ষোড়শ সংশোধনী বাতিল করা হয়েছে (৩ জুলাই, ২০১৮)। এখনো নিষ্পত্তি হয়নি রিভিউ পর্যায়ে রয়েছে।

## ❑ সপ্তদশ সংশোধনী: ৮ জুলাই, ২০১৮

**বিষয়বস্তু:** সংরক্ষিত ৫০টি নারী আসন ২৫ বছরের জন্য বৃদ্ধি (২০৪৪ সাল পর্যন্ত)।

# POLL QUESTION-03

➲ বাংলাদেশ সংবিধানের প্রথম সংশোধনী কবে গৃহীত হয়?

(a) ১৯৭৫

(b) ১৯৮১

(c) ১৯৭৪

(d) ১৯৭৩

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ বাংলাদেশ সংবিধানের কত নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি প্রধান বিচারপতি নিয়োগ দেন? [৪৬তম বিসিএস]

(ক) ৯৫ (খ) ৯৬ (গ) ৯৭ (ঘ) ৯৮

➲ বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে? [৪৫তম বিসিএস]

(ক) রাষ্ট্রপতি (খ) স্পীকার (গ) চীফ হুইপ (ঘ) প্রধানমন্ত্রী

➲ ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ সংবিধানের কোন তফসিলে আছে? [৪৫তম বিসিএস]

(ক) চতুর্থ তফসিল (খ) পঞ্চম তফসিল (গ) ষষ্ঠ তফসিল (ঘ) সপ্তম তফসিল

➲ বাংলাদেশের সংবিধান অনুযায়ী "কোর্ট অব রেকর্ড" হিসাবে গণ্য- [৪৫তম বিসিএস]

(ক) লেবার কোর্ট (খ) জজ কোর্ট (গ) হাই কোর্ট (ঘ) সুপ্রীম কোর্ট

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ **কোনটি বিচার বিভাগের কাজ নয়?** [৪৫তম বিসিএস]

(ক) আইনের প্রয়োগ (খ) আইনের ব্যাখ্যা (গ) সংবিধানের ব্যাখ্যা (ঘ) সংবিধান প্রণয়ন

➲ **বাংলাদেশের সংবিধানের রক্ষক কে?** [৪৪তম বিসিএস]

(ক) জাতীয় সংসদ (খ) শাসন বিভাগ (গ) সুপ্রিম কোর্ট (ঘ) আইন মন্ত্রণালয়

➲ **বাংলাদেশ সংবিধান হাতে লেখার দায়িত্ব কার ওপর ন্যস্ত ছিল?** [৪৩তম বিসিএস]

(ক) হাশেম খান (খ) এ.কে.এম. আব্দুর রউফ

(গ) আবুল বারক আলভী (ঘ) সমরজিৎ রায় চৌধুরী

➲ **বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে 'বার্ষিক আর্থিক বিবৃতি'- এর কথা উল্লেখ করা হয়েছে?** [৪৩তম বিসিএস]

(ক) ৮১ (খ) ৮৫ (গ) ৮৭ (ঘ) ৮৮

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ **কোনটি সাংবিধানিক পদ নয়?** [৪৩তম বিসিএস]

(ক) প্রধান নির্বাচন কমিশনার (খ) চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন

(গ) চেয়ারম্যান, মানবাধিকার কমিশন (ঘ) কনট্রোলার ও অডিটর জেনারেল

➲ **সংবিধানের কোন অনুচ্ছেদে 'সরকারি কর্ম কমিশন' (PSC) গঠনের উল্লেখ আছে?** [৪২তম বিসিএস]

(ক) ১৩৭ নং অনুচ্ছেদে (খ) ১৩৫ নং অনুচ্ছেদে (গ) ১৩৮ নং অনুচ্ছেদে (ঘ) ১৩৪ নং অনুচ্ছেদে

➲ **বাংলাদেশের সংবিধান সর্বপ্রথম কোন তারিখে গণপরিষদে উত্থাপিত হয়?** [৪২তম বিসিএস]

(ক) ১২ অক্টোবর, ১৯৭২ (খ) ১৬ ডিসেম্বর, ১৯৭২ (গ) ২৬ মার্চ, ১৯৭৩ (ঘ) ১৬ ডিসেম্বর, ১৯৭৩

➲ **বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মূল বিষয় কি ছিল?** [৪১তম বিসিএস]

(ক) বহুদলীয় ব্যবস্থা (খ) বাকশাল প্রতিষ্ঠা (গ) তত্ত্বাবধায়ক সরকার (ঘ) সংসদে মহিলা আসন

➲ **সংবিধানের চেতনার বিপরীতে সামরিক শাসনকে বৈধতা দিতে কোন তফসিলের অপব্যবহার করা হয়?** [৪১তম বিসিএস]

(ক) ৪র্থ তফসিল (খ) ৫ম তফসিল (গ) ৬ষ্ঠ তফসিল (ঘ) ৭ম সফসিল

➲ সংবিধানের কোন সংশোধনকে 'First distortion of constitution' বলে আখ্যায়িত করা হয়? [৪০তম বিসিএস]

(ক) ৫ম সংশোধন (খ) ৪র্থ সংশোধন (গ) ৩য় সংশোধন (ঘ) ২য় সংশোধন

➲ স্বাধীনতার ঘোষণাপত্র সংবিধানের কততম তফসিলে সংযোজন করা হয়েছে? [৪০তম বিসিএস]

(ক) চতুর্থ (খ) পঞ্চম (গ) ষষ্ঠ (ঘ) সপ্তম

➲ বাংলাদেশের সংবিধানে মোট কয়টি তফসিল আছে? [৩৯তম বিসিএস]

(ক) ৭ টি (খ) ৮ টি (গ) ৫ টি (ঘ) ৬ টি

➲ নিচের কোনটি নাগরিকের দায়িত্ব? [৩৮তম বিসিএস]

(ক) রাস্তায় ট্রাফিক আইন মেনে চলা (খ) শিল্প কারখানায় অধিক শ্রমিক নিয়োগ দেয়া

(গ) দক্ষ জনশক্তি তৈরি করা (ঘ) রাজনৈতিক সংগঠনে অন্তর্ভুক্ত হওয়া

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/@/Uttoron

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি (https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

একটি উচ্ছ্বাস-উন্মেষ প্রতিষ্ঠান

09666775566
www.uttoron.academy